
# রমজানে একদিনে ওমরাহ পালনে বিশ্বরেকর্ড



সংগৃহীত ছবি

সৌদি আরব জানিয়েছে, রমজানের চতুর্থ দিনে (২১ ফেব্রুয়ারি, ১৪৪৭ হিজরি) একদিনে ৯ লাখ ৪ হাজার মুসল্লি ওমরাহ পালন করেছেন, যা আগের সব রেকর্ড ভেঙে দিয়েছে। গত বছর সর্বোচ্চ সংখ্যা ছিল ৫ লাখ।

রমজানে মসজিদুল হারামে মুসল্লির উপস্থিতি বেড়ে যাওয়ায় নিরাপত্তা ও জনসমাগম নিয়ন্ত্রণে কড়াকড়ি ব্যবস্থা নেওয়া হয়েছে। কাবা শরিফের চারপাশের মাতাফ এলাকা সারা দিন শুধু ওমরাহ পালনকারীদের জন্য উন্মুক্ত রাখা হয়েছে। বিশেষত শুক্রবার, মাগরিব, ইশা, তারাবি ও শেষ দশকের তাহাজ্জুদের নামাজের সময় মুসল্লিদের জন্য খোলা প্রাঙ্গণ ও নির্ধারিত এলাকায় নামাজ আদায়ের নির্দেশ দেওয়া হয়েছে। প্রবেশ ও বহির্গমনে সাইনেজ অনুসরণ বাধ্যতামূলক, আর হাঁটা পথ, সড়ক বা খোলা প্রাঙ্গণে জমায়েত সম্পূর্ণ নিষিদ্ধ।

সৌদি কর্তৃপক্ষ মসজিদ সংলগ্ন এলাকায় ভিড় ও যানজট নিয়ন্ত্রণে ট্রাফিক ব্যবস্থা চালু করেছে। অনুমোদনহীন মোটরসাইকেল ও সাইকেল চলাচল নিষিদ্ধ, এবং পথচারীর নিরাপত্তা বিঘ্নিত করা হলে ট্রাফিক আইন অনুযায়ী ব্যবস্থা নেওয়া হবে।

মুসল্লিদের যাতায়াত সহজ করতে বিমানবন্দর এবং ১৪টি পার্কিং এলাকা থেকে পাবলিক বাস সার্ভিস চালু করা হয়েছে। অতিরিক্ত ভিড়ের কারণে যারা মসজিদে প্রবেশ করতে পারছেন না, তাদের নিকটবর্তী মসজিদ বা সুসজ্জিত নামাজ হলে নামাজ আদায়ের নির্দেশ দেওয়া হচ্ছে। সৌদি কর্তৃপক্ষ বলেছে, রমজান মাসজুড়ে মুসল্লিদের নিরাপত্তা, স্বাচ্ছন্দ্য ও সুশৃঙ্খল ইবাদত নিশ্চিত করাই মূল লক্ষ্য।

সূত্র: খালিজ টাইমস